

## 📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৬৭]

১০/ আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ৪৩২। বৃষ্টি এবং অন্য কোন ওয়র নিজ আবাসে সালাত আদায়ের অনুমতি।

### باب الرُّخْصَةِ فِي الْمَطَرِ وَالْعِلَّةِ أَنْ يُصَلِّيَ فِي رَحْلِهِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ حَدَّثَنِي مَالِكٌ، عَنْ ابْنِ شِهَابٍ، عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ الْأَنْصَارِيِّ، أَنَّ عَتَبَانَ بْنَ مَالِكٍ، كَانَ يَوْمٌ قَوْمُهُ وَهُوَ أَعْمَى، وَأَنَّهُ قَالَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا رَسُولَ اللَّهِ، إِنَّهَا تَكُونُ الظُّلْمَةُ وَالسَّيْلُ وَأَنَا رَجُلٌ ضَرِيرُ الْبَصَرِ، فَصَلِّ يَا رَسُولَ اللَّهِ فِي بَيْتِي مَكَانًا أَتَّخِذُهُ مُصَلًّى، فَجَاءَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ "أَيْنَ تُحِبُّ أَنْ أُصَلِّيَ". فَأَشَارَ إِلَى مَكَانٍ مِنَ الْبَيْتِ، فَصَلَّى فِيهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

বাংলা

৬৩৪। ইসমাইল (রহঃ) ... মাহমুদ ইবনু রাবী' আল আনসারী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, ইতবান ইবনু মালিক (রাঃ) তাঁর নিজ গোত্রের ইমামতি করতেন। তিনি ছিলেন অন্ধ। একদিন তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললেন। ইয়া রাসূল্লাহ! কখনো কখনো ঘোর অন্ধকার ও বর্ষণ প্রবাহ হয়ে পড়ে। অথচ আমি একজন অন্ধ ব্যক্তি। ইয়া রাসূল্লাহ! আপনি আমার ঘরে কোন একস্থানে সালাত (নামায/নামাজ) আদায় করুন, যে স্থানটিকে আমার সালাতের স্থান হিসেবে নির্ধারন করবো। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ঘরে এলেন এবং বললেনঃ আমার সালাত আদায়ের জন্য কোন জায়গাটি তুমি ভালো মনে কর? তিনি ইশারা করে ঘরের জায়গা দেখিয়ে দিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে সালাত আদায় করলেন।

## English

Narrated Mahmud bin Rabi` Al-Ansari:

`Itban bin Malik used to lead his people (tribe) in prayer and was a blind man, he said to Allah's Apostle , "O Allah's Messenger (s)! At times it is dark and flood water is flowing (in the valley) and I am blind man, so please pray

at a place in my house so that I can take it as a Musalla (praying place)." So Allah's Messenger (s) went to his house and said, "Where do you like me to pray?" 'Itban pointed to a place in his house and Allah's Messenger (s), offered the prayer there.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মাহমুদ ইবনুর-রাবী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=641>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন